

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এন্ড আই এস বিল্ডিং-২, ঢাকা।			
ডায়েরী নং- 2509	তারিখঃ ২৭/১১/১৯	প্রকল্পকারীঃ	
অঃ প্রঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১৭.২১.১০০৭

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪৩০

২৩ নভেম্বর ২০২৩

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "ঢাকার গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি পরিত্যক্ত বাড়ীতে ৩৯৮টি (সংশোধিত ৩১১টি) সরকারী আবাসিক ফ্ল্যাট নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড নং-২২৪০৩০৯০০) অনুকূলে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে ২য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য মূলধন খাতে ২য় কিস্তি বাবদ ১২০০.০০ লক্ষ (বার কোটি) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কোড/খাতের বিবরণ		অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)		
		কোড নং	খাতের নাম	রাজস্ব	মূলধন	মোট
গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা	গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা	৩২৫৭২০৬	সম্মানী ভাতা	০.৫০	--	০.৫০
		৪১১১১০১	আবাসিক ভবন	--	৭৭৪.৫০	৭৭৪.৫০
গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা	গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা	৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জাম	--	৪২৫.০০	৪২৫.০০
মোট=				০.৫০	১১৯৯.৫০	১২০০.০০

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/৭৩৭/১(১০) তারিখ-১২/১০/২০২৩খিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট= ১২০০.০০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪০৩০৯০০-৩২৫৭২০৬, ৪১১১১০১ ও ৪১১২৩০৩ খাতসমূহে ২০২৩-২০২৪ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ

ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি- বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি'র অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভিত)।

ঘ) অর্থ ব্যয়/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।

চ) পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি স্বাপেক্ষে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে।

১৫/১১/১৯

২৩-১১-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

বিতরণ :

- ১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।
- ২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই-এম বিভাগ-২, ঢাকা

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১৭.২১.১০০৭/১(১২)

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪৩০
২৩ নভেম্বর ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র)/ (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মওঅ), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল (ইহা তার উপরোক্ত স্মারক নং ও তারিখের প্রেক্ষিতে)/ গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা।
- ৬) উপসচিব, বাজেট অধিশাখা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) উপসচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) প্রধান প্রকৌশলী-মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯) নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২) গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৫/১১/১৯

২৩-১১-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)